

**পশ্চিমবঙ্গ সরকার**  
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর**  
**জেশপ ভবন ৬৩, নেতাজী সুভাষ রোড**  
**কলকাতা - ৭০০ ০০১**

নং ১৮২৫/পি.এন./ও/১/৩সি-৪/৯৬ (অংশ-১)

তারিখ: ২৫/০৪/২০০৭

**আদেশনামা**

যেহেতু সংশোধন উত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ১৬ক ধারার (২) অনুযায়ী প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের এলাকাভুক্ত সকল গ্রাম সংসদের বাৎসরিক সাধারণ সভার অনুষ্ঠান সাধারণভাবে প্রতি বৎসর মে মাসে অনুষ্ঠিত হওয়া আবশ্যিক;

এবং যেহেতু গ্রাম সংসদের সভা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা ও গুরুত্বের বিষয়ে কোন দ্বিমতের অবকাশ নেই;

অতএব, পূর্বোক্ত আইনের ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপাল এতদ্বারা নির্দেশ জারি করছেন যে ২০০৭ সালে অনুষ্ঠিতব্য গ্রাম সংসদের বাৎসরিক সভা অনুষ্ঠান আগামী ৩১ মে, ২০০৭ তারিখের মধ্যে রাজ্যের সকল গ্রাম সংসদগুলিতে সম্পন্ন করতে হবে এবং ঐ সভায় সকল সদস্য তথা ভোটারদের অংশগ্রহণ সুনিশ্চিত করার জন্য গ্রাম উন্নয়ন সমিতি ব্যপকভাবে প্রচারকার্য চালাবে। যে সকল নির্বাচনক্ষেত্রে ২৭শে মে, ২০০৭ তারিখে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে, ঐ সকল নির্বাচনক্ষেত্রের অন্তর্গত গ্রাম সংসদগুলিতে ৩০শে জুন, ২০০৭ তারিখের মধ্যে গ্রাম সংসদের বাৎসরিক সভা সম্পন্ন করতে হবে;

পূর্বোক্ত আইনের ঐ একই ধারা বলে রাজ্যপাল আরো নির্দেশ দিচ্ছেন যে পূর্ববর্তী সংশ্লিষ্ট আদেশনামাতে উল্লেখিত ও পঞ্চায়েত আইনের সংশ্লিষ্ট ধারায় নির্দেশিত প্রাসঙ্গিক সকল বিষয়গুলির সাথে নিম্নোক্ত বিষয়গুলি সম্বন্ধে বিশেষ আলোচনা ঐ সভায় স্থান পাবে।

১. দারিদ্রসীমার নীচে বসবাসকারী ব্যক্তিদের তালিকা সম্পর্কে আলোচনা এবং ঐ তালিকা অনুযায়ী বিভিন্ন প্রকল্পের উপভোক্তার অগ্রাধিকার তালিকা তৈরি করা।
২. বিকেন্দ্রীকৃত পরিকল্পনা তৈরি।
৩. জাতীয় গ্রামীণ রোজগার সুনিশ্চিতকরণ প্রকল্প/ পশ্চাৎপদ অঞ্চল মঞ্জুরী তহবিল।
৪. স্বয়ম্ভর গোষ্ঠী গঠন ও কাজের মূল্যায়ন।
৫. জাতীয় বার্ষিক্যজনিত অবসরভাতা প্রকল্প/ জাতীয় পরিবার সহায়তা প্রকল্প।
৬. ইন্দিরা আবাস যোজনার অপেক্ষারত তালিকা তৈরি।
৭. গ্রাম উন্নয়ন সমিতিগুলির কাজের পর্যালোচনা, সদস্যদের কাজের মূল্যায়ন।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বা/-

মানবেন্দ্রনাথ রায়  
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং ১৮২৫/১(৯)/পি.এন./ও/১/তসি-৪/৯৬(অংশ-১)

তারিখ: ২৫/০৪/২০০৭

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল:

১. কমিশনার, পঞ্চগয়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চগয়েত ভবন, কলকাতা-৭০০ ০০১ ।
২. সভাপতি ..... জেলা পরিষদ ।
৩. জেলা শাসক ..... জেলা ।
৪. জেলা পঞ্চগয়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক ..... জেলা ।
৫. মহকুমা শাসক ..... মহকুমা ।
৬. ব্লক উন্নয়ন আধিকারিক ..... ব্লক ।  
আদেশনামার অনুলিপি সকল গ্রাম পঞ্চগয়েতে বন্টনের জন্য অনুরোধ করা হচ্ছে ।
৭. অধিকর্তা, রাজ্য পঞ্চগয়েত ও গ্রামোন্নয়ন সংস্থা ।
৮. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।
৯. রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।

(মধুমিতা রায়)

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকার বলে  
উপসচিব